

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসক, নেত্রকোণা

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

নির্বাচন অধিকারী

অতীব জরুরী

নং-০৫.৮৫.৭২০০.০০৫.৮০.০০১.২৩- নং ৩৭

তারিখ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণ-বিজ্ঞপ্তি**

এতদ্বারা সকলের অগভির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য সময়সূচি প্রকাশ করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগস্ট ০৭ জানুয়ারি ২০২৪ রোজ রবিবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

২। **পোস্টাল ব্যালটে ভোটদান:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিবর্গের পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে:

- ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ;
- খ) কোন ব্যক্তি তিনি যে ভোট কেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন;
- গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

৩। **পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন:** ভোটদানের জন্য (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত ইওয়ায় সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।

৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করবার পর ব্যালট পেপারটি দফা (৩) এর অধীন তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, নেত্রকোণা জেলা ০৫টি সংসদীয় আসনের [১৫৭ নেত্রকোণা-১ (কলমাকান্দা, দুর্গাপুর), ১৫৮ নেত্রকোণা-২ (নেত্রকোণা সদর, বারহাটা), ১৫৯ নেত্রকোণা-৩ (আটপাড়া, কেন্দুয়া), ১৬০ নেত্রকোণা-৪ (মোহনগঞ্জ, মদন, খালিয়াজুরী) এবং ১৬১ নেত্রকোণা-৫ (পূর্বধলা)] পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগস্ট ৩০ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে নিম্নস্থান প্রাক্তন করতে পারবেন।

৩০/১১/১৩  
(শাহেদ পারভেজ)  
জেলা প্রশাসক, নেত্রকোণা  
ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

তারিখঃ ১ ৬ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর

তারিখ ০১ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
১৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যোঠার ভিত্তিতে নয়):

- ১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৪। পুলিশ সুপার, নেত্রকোণা।
- ৫। জেলা নির্বাচন অফিসার, নেত্রকোণা।
- ৬। উপজেলা নির্বাচনী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, ..... (সকল), নেত্রকোণা (তাকে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৭। জেলা তথ্য অফিসার, নেত্রকোণা। (তাকে বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ৮। উপজেলা নির্বাচন অফিসার (সকল), নেত্রকোণা।
- ৯। সভাপতি/সম্পাদক, নেত্রকোণা প্রেস ক্লাব, নেত্রকোণা।
- ১০। নোটিশ বোর্ড .....

৩০/১১/১৩  
জেলা প্রশাসক, নেত্রকোণা  
ও

রিটার্নিং অফিসার  
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন